# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/০৭/কনি/০১/৪র্থ-২৬৮ তারিখ : ১৭ সেপ্টেম্বর ২০২৫

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয় ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং- ২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৪৮৮ তারিখ : ১৫/০৯/২০২৫ খ্রি.

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ড সমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট (https://www.xiclassadmission.gov.bd) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে হবে।

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে :**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুসরণ করতে হবে :**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ | ২১/০৯/২০২৫ (রবিবার) থেকে<br>২২/০৯/২০২৫ (সোমবার রাত ১০:০০ টা পর্যন্ত) |
| ২ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ে আবেদনের ফল প্রকাশ | ২৪/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়) |
| ৩ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন | ২৫/০৯/২০২৫ (বৃহস্পতিবার) থেকে<br>২৬/০৯/২০২৫ (শুক্রবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৪ | কলেজে ভর্তি | ২৮/০৯/২০২৫ (রবিবার) থেকে<br>২৯/০৯/২০২৫ (সোমবার পর্যন্ত) |

বিঃদ্রঃ উল্লেখ্য, "২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫" অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৭/০৯/২৫

প্রফেসর মো. মাহবুব হাসান-৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান